# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫৬৭

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৬. আল্লাহ্‌র যিকর ও দু'আ

---

আরবী

وَعَنْ عَائِشَةَ ـرَضِيَ اللَّهُ عَنْهَاـ أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ عَلَّمَهَا هَذَا الدُّعَاءَ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنَ الْخَيْرِ كُلِّهِ, عَاجِلِهِ وَآجِلِهِ, مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ, وَأَعُوذُ بِكَ مِنَ الشَّرِّ كُلِّهِ, عَاجِلِهِ وَآجِلِهِ, مَا عَلِمْتُ مِنْهُ وَمَا لَمْ أَعْلَمْ, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ خَيْرِ مَا سَأَلَكَ عَبْدُكَ وَنَبِيُّكَ, وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا عَاذَ بِهِ عَبْدُكَ وَنَبِيُّكَ, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْجَنَّةَ, وَمَا قَرَّبَ إِلَيْهَا مِنْ قَوْلٍ أَوْ عَمَلٍ, وَأَعُوذُ بِكَ مِنَ النَّارِ, وَمَا قَرَّبَ مِنْهَا مِنْ قَوْلٍ أَوْ عَمَلٍ, وَأَسْأَلُكَ أَنْ تَجْعَلَ كُلَّ قَضَاءٍ قَضَيْتَهُ لِي خَيْرًا». أَخْرَجَهُ ابْنُ مَاجَهْ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ

صحيح. رواه ابن ماجه (3846)، وابن حبان (869)، والحاكم (1/ 512 ـ 522) وفي سند ابن حبان سقط

বাংলা

১৫৬৭। 'আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে এই দু'আ শিখিয়েছেনঃ “হে আল্লাহ! আমি তোমার কাছে যাবতীয় কল্যাণ ভিক্ষা করছি, যা তাড়াতাড়ি আসে, যা দেরীতে আসে, যা জানা আছে, যা জানা নেই। আর আমি যাবতীয় মন্দ হতে তোমার আশ্রয় ভিক্ষা করছি- যা তাড়াতাড়ি আগমনকারী আর যা দেরীতে আগমনকারী আর যা আমি জানি আর যা অবগত নই। হে আল্লাহ! আমি তোমার নিকটে ঐ মঙ্গলই চাচ্ছি যা চেয়েছেন- তোমার (নেক) বান্দা ও তোমার নবী, আর তোমার কাছে ঐ মন্দ বস্তু থেকে পানাহ চাচ্ছি যা হতে তোমার বান্দা ও নবী আশ্রয় চেয়েছেন। হে আল্লাহ! আমি তোমার কাছে জান্নাত চাচ্ছি এবং ঐসব কথা ও কাজ চাচ্ছি যেগুলো আমাকে জান্নাতের নিকটবর্তী করে দেবে। আমি আশ্রয় চাই জাহান্নামের আগুন থেকে এবং সেই

সমস্ত কাজ থেকে যা আমাকে জাহান্নামের নিকটবর্তী করে দেয়। আর আমি তোমার কাছে প্রার্থনা করছি যে, তুমি আমার জন্য যেসব ফায়সালা করে রেখেছ তা আমার জন্য কল্যাণকর করে দাও।[1]

## English

’A’ishah (RAA) narrated, ‘Allah’s Messenger (ﷺ) taught her this supplication, “O Allah! I ask you of all good of what I have done and what I have not done in this world and in the Hereafter. I seek refuge in you from the evil of what I have done and what I have not done in this world and in the Hereafter. O Allah! I ask of you all good that your servant and Prophet Muhammad (ﷺ) used to ask of you. I seek refuge in you from all evil that your servant and Prophet Muhammad used to seek refuge in you from. O Allah! I ask you for Paradise and what brings me nearer to it of deeds and sayings. I seek refuge in You from Hell-Fire and what brings me near to it of deeds and sayings. I ask you for the good consequences of Your Decree.” Related by Ibn Majah Ibn Hibban and Al-Hakim graded it as Sahih

### ফুটনোট

[1] ইবনু মাজাহ ৩৮৪৬, আহমাদ ২৪৪৯৮, ২৪৬১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন